

**প্রস্তুতিমূলক পরীক্ষা-১**  
**শ্রেণি: একাদশ**  
**বিষয়: উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-১ম পত্র (অধ্যায়ঃ ১, ৩, ৪)**

সময়: ৩০ মিনিট

**বহুনির্বাচনি অভীক্ষা**  
**(সঠিক উত্তরটি চিহ্নিত করো।)**

পূর্ণমান: ৩০

১। উৎপাদন কী সৃষ্টি করে?

- (ক) ভোগ (খ) চাহিদা (গ) উপযোগ (ঘ) মালিকানা

২। ক্ষুদ্র সেবা শিল্পের ক্ষেত্রে ন্যূনতম মূলধন কত?

- (ক) ৫ লক্ষ (খ) ১০ লক্ষ (গ) ১০ কোটি (ঘ) ৩০ কোটি

উদ্দীপকটি পড়ো এবং ৩ এবং ৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

“প্রতিভা লেদার” প্রতিদিন ১২,০০০ একক উৎপাদন ক্ষমতাসম্পন্ন মেশিন দিয়ে ২০,০০০ টাকার উপকরণ ব্যবহার করে ৮০,০০০ টাকার ব্যাগ উৎপাদন করে। অন্যদিকে,

“জনি লেদার” একই মেশিন দ্বারা সম্পরিমাণ মূল্যের উপকরণ ব্যবহার করে ১২০,০০০ টাকার ব্যাগ তৈরি করতে সক্ষম হয়। এক্ষেত্রে উভয় প্রতিষ্ঠানের উৎপাদন ও পরিচালনা ব্যয় একই হলেও “প্রতিভা লেদার” চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে।

৩। “জনি লেদার”-এর প্রতি এককের উৎপাদনশীলতা কত?

- (ক) ৬ টাকা (খ) ৮ টাকা (গ) ১০ টাকা (ঘ) ১২ টাকা

৪। “প্রতিভা লেদার” এর প্রতিযোগিতায় টিকে থাকতে হলে যা করতে হবে তা হলো-

- i. কাজের উন্নত পরিবেশ ii. অতিরিক্ত মূলধন বিনিয়োগ iii. শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান  
কোনটি সঠিক?  
(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

৫। সঞ্চয় বেড়ে যায়-

- i. ভোগ বাড়ানোর মাধ্যমে ii. ভোগ নিয়ন্ত্রণের মাধ্যমে iii. ভোগ কমানোর মাধ্যমে  
কোনটি সঠিক?  
(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

৬। উৎপাদনকারী হলো-

- i. আমদানিকারক ii. রপ্তানিকারক iii. পাটকলের মালিক  
কোনটি সঠিক?

- (ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

৭। উৎপাদনশীলতা নির্ভর করে-

- (ক) যন্ত্রের কার্যক্ষমতার ওপর (খ) মজুদ পণ্যের ওপর

- (গ) মান নিয়ন্ত্রণের ওপর (ঘ) ডিজাইনের ওপর

৮। মাটি দিয়ে হাড়ি-পাতিল তৈরি উৎপাদনের কোন খাতের মধ্যে পড়ে?

- (ক) কৃষি (খ) সেবা (গ) শিল্প (ঘ) নির্মাণ

৯। উৎপাদনের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত হলো-

- i. কাঁচামাল ii. অর্থ iii. শ্রমিক  
কোনটি সঠিক?

- (ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাওঃ

ফরিদ একজন মৎস্যজীবি। সে নদী থেকে মাছ সংগ্রহ করে শহরে সরবরাহ করে জীবিকা অর্জন করে। সে আরও তিনি জাল কিনে মাছ সংগ্রহের জন্য কিছু লোক নিয়োগ করলো। ফলে তার উপার্জনের পরিমাণ বেড়ে গেল।

১০। ফরিদ মাছ সরবরাহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?

- (ক) সময়গত (খ) স্থানগত (গ) রূপগত (ঘ) স্বত্ত্বগত

১১। উৎপাদনকারীর দৃষ্টিকোণ থেকে ফরিদের কার্যক্রমের ফলে-

- (ক) বিনিয়োগ বাড়ে (খ) মানবকল্যাণ হয়  
(গ) সম্পদের মূল্য বাড়ে (ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ

সাতজন বন্ধু মিলে বরিশালে “নক্ষত্র স্টিল” নামে একটি কারখানা স্থাপন করে। তারা বাজারে শেয়ার ছাড়ার মাধ্যমে বেশি মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি কাম্য উৎপাদন মাত্রা ব্যবহার করে মুনাফার্জন করতে সক্ষম হয়।

১২। “নক্ষত্র স্টিল” কোন ধরনের ব্যবসায়?

(ক) বৃহদায়তন (খ) ক্ষুদ্র (গ) ক্ষুদ্র ও মাঝারি (ঘ) সমবায়

১৩। “নক্ষত্র স্টিল”-এ উৎপাদন মাত্রা ব্যবহারের সুবিধা হলো-

i. পর্যাপ্ত মূলধন ii. উৎপাদনশীলতা বৃদ্ধি iii.

যন্ত্রের সম্ব্যবহার

কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

১৪। স্থিরব্যয় ঠিক রেখে উৎপাদন বাড়াতে থাকলে প্রতিষ্ঠান যেভাবে প্রভাবিত হবে তা হলো-

i. এককপ্রতি স্থির ব্যয় কমবে ii. উৎপাদন ব্যয় কমবে

iii. মুনাফার পরিমাণ বাড়বে

কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

১৫। মিতব্যয় উৎপাদনমাত্রার বৈশিষ্ট্য হলো-

i. প্রতিষ্ঠানের সর্বোচ্চ দক্ষতা ii. প্রতিষ্ঠানের জন্য লাভজনক iii. এককপ্রতি ব্যয় কমানো কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

১৬। সদস্যগণ ইচ্ছে করলেই যেকোনো সময়

শেয়ার হস্তান্তর করতে পারে কোনটিতে?

(ক) প্রাইভেট লিঃ কোঃ (খ) পাবলিক লিঃ কোঃ

(গ) সমবায় সমিতি (ঘ) অংশীদারি ব্যবসায়

১৭। কোনটি পরিবর্তনশীল ব্যয়?

(ক) নির্বাহীর বেতন (খ) কাঁচামালের খরচ

(গ) কারখানার ভাড়া (ঘ) যন্ত্রপাতির অবচয়

১৮। কোনটি অভ্যন্তরীণ ব্যয় সংকোচ?

(ক) কারিগরি ব্যয় সংকোচ (খ) তথ্যগত ব্যয় সংকোচ

(গ) খণ্ডিতকরণ ব্যয় সংকোচ (ঘ) কেন্দ্রীয়করণ ব্যয় সংকোচ

১৯। করের হার বেশি হলে সঞ্চয়ের পরিমাণ কেমন হবে?

(ক) বাড়বে (খ) কমবে (গ) স্থির থাকবে (ঘ) দ্বিগুণ হবে

২০। মাত্রাজনিত ব্যয়সংকোচ ধারণাটি কাজের কোন ধরনের স্তরকে নির্দেশ করে?

(ক) উচ্চস্তর (খ) মধ্যস্তর (গ) নিম্নস্তর (ঘ) কাম্যস্তর

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাওঃ

একটি দেশের ২০১৯ সালের তথ্যসমূহ হলোঃ ভূমির খাজনা ১০০ কোটি টাকা, মজুরি ২০০ কোটি টাকা, মূলধনের সুদ ১২০ কোটি টাকা, মুনাফা ২০০ কোটি টাকা, হস্তান্তর পাওনা ৫০ কোটি টাকা। এক্ষেত্রে দেখা যায় যে, জিডিপি নির্ণয়ের ক্ষেত্রে সুতার উৎপাদন ও কাপড়ের উৎপাদন পৃথকভাবে অন্তর্ভুক্ত হয়েছে।

২১। উদ্দীপকের তথ্যের ভিত্তিতে মোট জাতীয় উৎপাদন কত হবে?

(ক) ২৭০ কোটি টাকা (খ) ৪৭০ কোটি টাকা  
(গ) ৫৭০ কোটি টাকা (ঘ) ৬২০ কোটি টাকা

২২। উদ্দীপকে বর্ণিত দেশের GDP পরিমাপের সঠিকতার জন্য দায়ী উপাদান কোনটি?

(ক) দৈত গণনার সমস্যা (খ) বিনিয়োগ ব্যয়  
(গ) অবচয় ক্ষতি নির্ধারণ (ঘ) অসততা

২৩। মাথাপিছু আয়ের সাথে সংশ্লিষ্ট-

i. মোট জাতীয় আয় ii. মোট জাতীয় ব্যয়

iii. মোট জনসংখ্যা

কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

২৪। জাতীয় আয়ের অন্তর্ভুক্ত নয় কোনটি?

(ক) প্রবাসী প্রেরিত অর্থ (খ) বিদেশীদের আয়  
(গ) সমাপনী মজুদ পণ্য (ঘ) নিট জাতীয় উৎপাদন

২৫। কোনটি আয় পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপের সময় বাদ দিতে হয়?

(ক) খাজনা (খ) মজুরি

(গ) মুনাফা (ঘ) হস্তান্তর পাওনা

২৬। জীবনযাত্রার মান নির্ভর করে যার ওপর তা

হলো-

i. GNP                    ii. GDP                    iii. CCA

কোনটি সঠিক?

(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii, iii

২৭। মোট জাতীয় উৎপাদনের আর্থিক মূল্য

কোনটি?

(ক) জাতীয় আয়                    (খ) জাতীয় যোগান  
(গ) মোট আয়                    (ঘ) সামষ্টিক আয়

২৮। দেশের ভৌগোলিক সীমানার মধ্যে উৎপাদিত

পণ্যের মূল্য হচ্ছে-

(ক) মোট জাতীয় উৎপাদন  
(খ) মোট দেশজ উৎপাদন  
(গ) মাথাপিছু আয়  
(ঘ) নিট দেশজ উৎপাদন

২৯। GDP - কে কোন মূল্যে হিসাব করা হয়?

(ক) ভোগমূল্যে (খ) বাজারমূল্যে

(গ) উৎপাদন                    (ঘ) স্থির

৩০। GNP নির্ধারণে কোন সময়ের উৎপাদন হিসাবভুক্ত হয়?

(ক) বিগত বছরের                    (খ) চলতি বছরের  
(গ) আগামী বছরের                    (ঘ) একাধিক বছরের

সময়ঃ ৪৫ মিনিট

সৃজনশীল প্রশ্নপত্র

পূর্ণমানঃ ২০

১. 'X' - দেশে ২০১৭-২০১৮ অর্থবছরে জাতীয় আয়ের পরিমাণ ছিল ২,০০,০০০ কোটি টাকা এবং দেশের মোট জনসংখ্যা ৪০ কোটি । উক্ত বছরে মোট ভোগ ব্যয় ১০,০০০ কোটি টাকা, মোট বিনিয়োগ ব্যয় ৪,০০০ কোটি টাকা এবং সরকারি ব্যয় ৪,০০০ কোটি টাকা । পক্ষান্তরে, 'Y' - দেশের অন্যান্য অবস্থা 'X' দেশের মতো হলেও জনসংখ্যা কম হওয়ার কারণে তাদের মাথাপিছু আয় ১০,০০০ টাকায় উন্নীত হয় ।

ক. হস্তান্তর পাওনা কী?

১

খ. ব্যয়যোগ্য আয় কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা করো ।

২

গ. উদ্দীপকের আলোকে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য 'X' দেশের মোট দেশজ উৎপাদন (GDP) নির্ণয় করো ।

৩

ঘ. মাথাপিছু আয়ের ভিত্তিতে 'X' - দেশের সাথে 'Y' দেশের অর্থনৈতিক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো ।

৪

২. জনাব বারেক একজন পেঁয়াজ ব্যবসায়ী । তিনি উৎপাদন মৌসুমে কর্মমূল্যে বিপুল পরিমাণ পেঁয়াজ কিনে নিজের বাড়িতে সংরক্ষণ করেন । পরবর্তীতে মূল্য বেড়ে গেলে নিজস্ব পরিবহনে ঢাকার কারওয়ান বাজারে বিক্রি করে বেশি মুনাফা লাভে সক্ষম হন ।

ক. উপযোগ কী?

১

খ. বৃপ্তিগত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো ।

২

গ. উদ্দীপকে জনাব বারেক পেঁয়াজ সংরক্ষণের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা করো ।

৩

ঘ. "স্বত্বগত উপযোগ সৃষ্টিই জনাব বারেকের অধিক মুনাফা লাভের মূল কারণ ।"- উক্তিটি মূল্যায়ন করো ।

৪